তারিখ : 24 SEP 2016
পৃষ্ঠা ৬ ... কলাম ... ৬

সমকাল

# জবিতে ভর্তিযুদ্ধ শুরু

■ জবি প্রতিবেদক

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) ২০১৬-১৭ শিক্ষাবর্ষের সম্মান (স্নাতক) শ্রেণির 'বি' ইউনিটের (কলা ও আইন অনুষদ এবং আইইআর) ভর্তি পরীক্ষা গতকাল শুক্রবার অনুষ্ঠিত হয়েছে। বিকেল ৩টায় শুরু হওয়া এ পরীক্ষা জবি ক্যাম্পাসসহ রাজধানীর ১৫টি কেন্দ্রে অনুষ্ঠিত হয়েছে। এবার 'বি' ইউনিটে ৬৭০টি আসনের (মানবিক ৪১৪, বিজ্ঞান ১৫১, বাণিজ্য ও অন্যান্য ১০৫) বিপরীতে ৩৬ হাজার ২২৫ শিক্ষার্থী আবেদন করেছেন। এতে প্রতি আসনের বিপরীতে লড়বেন প্রায় ৫৪ শিক্ষার্থী। পরীক্ষায় প্রায় শতভাগ ভর্তিচ্ছু শিক্ষার্থী উপস্থিত ছিলেন বলে বিশ্ববিদ্যালয়ের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

জবি প্রক্টর ড. নূর মোহাম্মাদ সমকালকে বলেন, প্রশাসন সর্বোচ্চ সতর্ক থাকায় ভর্তি পরীক্ষায় কোনো ধরনের জালিয়াতির ঘটনা ঘটেনি। ভর্তি পরীক্ষায় কোনো ধরনের জালিয়াতি ধরা পড়লে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে সাজা দিয়ে সরাসরি কারাগারে পাঠানো হবে বলে সতর্ক করেছেন জবি উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। ভর্তি পরীক্ষা চলাকালে বিভিন্ন কক্ষ পরিদর্শন শেষে তিনি এ কথা বলেন। জালিয়াতি ঠেকাতে পরীক্ষার দায়িত্বে থাকা শিক্ষকদের পাশাপাশি আইন-শৃঙ্খলা বাহিনী ও সাংবাদিকদের সতর্ক থাকার আহ্বান জানান তিনি।

এদিকে জবি 'ই' ইউনিটের ভর্তি পরীক্ষা আজ শনিবার বিকেলে ৩টায় অনুষ্ঠিত হবে। এবার 'ই' ইউনিটের (চারুকলা, সঙ্গীত এবং নাট্যকলা বিভাগ) ১২০টি আসনের বিপরীতে দুই হাজার ২৭ শিক্ষার্থী আবেদন করেছেন। এতে প্রতি আসনের বিপরীতে লড়বেন প্রায় ১৭ শিক্ষার্থী। ভর্তি-সংক্রান্ত বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে (www.jnu.ac.bd) পাওয়া যাবে।

এদিকে গতকালের পরীক্ষায় ভর্তিচ্ছু এক ছাত্রীর ভুয়া বাবা পরিচয় দেওয়ায় মো. মুক্তার হোসেন নামের এক ব্যক্তিকে পুলিশে সোপর্দ করেছে প্রশাসন। গতকাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে তাকে আটক করে প্রক্টরিয়াল বডি।